

**ঢাবি ভর্তি  
পরীক্ষার প্রশ্ন  
ফাঁসের গুঞ্জন**

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় 'খ' ইউনিট ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের গুঞ্জন উঠেছে। বৃহস্পতিবার রাত ১০টায় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রশ্নপত্র ফাঁসের এ গুঞ্জন ছড়িয়ে পড়ে। এ ঘটনায় ভর্তিচ্ছ শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা উদ্ভিগ্ন হয়ে পড়েন। তবে প্রশ্ন ফাঁসের গুঞ্জন প্রত্যাখ্যান করে বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে, একটি চক্র শিক্ষার্থীদের বিভ্রান্ত করতে এমনটি করেছে।

রাত্রে 'ফেসবুকের কয়েকটি পেজে প্রশ্ন পাওয়া গেছে, প্রয়োজনে যোগাযোগ করুন' নামে কয়েকজনের পোস্ট ছড়িয়ে পড়ে। ভর্তিচ্ছ এক শিক্ষার্থী জানান, সালিহুর রহমান নামে একজন তার ফেসবুক 'উভাস এইচএমসি

**গুঞ্জন : পৃষ্ঠা ১৯ : কলাম ৬**

**গুঞ্জন : প্রশ্ন ফাঁসের**  
(শেষ পৃষ্ঠার পর)

বাচ-২০১৫' তে পোস্ট করেন— 'ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'খ' ইউনিটের প্রশ্নের জন্য যোগাযোগ করুন। প্রথমে ১০ হাজার টাকা পরে ৪০ হাজার টাকা। বিস্তারিত জানতে যোগাযোগ করুন ০১৮৩\*\*\*\*৪০৯ নম্বরে।' এরপর ভর্তিচ্ছ ওই শিক্ষার্থী ফেসবুকে পোস্ট করা ওই নম্বরে সালিহুরের সঙ্গে কথা বলেন। পরিচয় জানতে চাইলে সালিহুর ওই শিক্ষার্থীর কাছে নিজেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হলের আবাসিক ও এনবিএর (ফিন্যান্স) ছাত্র বলে পরিচয় দেন।

কীভাবে প্রশ্ন পাওয়া যাবে জানতে চাইলে সালিহুর ভর্তিচ্ছ শিক্ষার্থীকে বলেন, 'আপনাকে প্রথমে আমার বিকাশ নম্বরে ১০ হাজার টাকা দিতে হবে। পরে আমি আপনার খেইলে প্রশ্ন ও উত্তর পাঠাবো। এরপর পরীক্ষা দেয়ার পরে আমরা আপনার সঙ্গে দেখা করে বাকি টাকা নিয়ে নেব। কথা শেষে তিনি তার বিকাশ নম্বর (০১৯৫\*\*\*\*০৪৯) থেকে বল দিয়ে বলেন, এটি আমার বিকাশ নম্বর। এ নম্বরে আপনি আমাকে ১০ হাজার টাকা দেন। তারপর আমি আপনাকে প্রশ্ন দিচ্ছি।' একপর্যায়ে তিনি (সালিহুর) টাকা পাওয়ার পর সরাসরি ভিডিও কলে কথা বলবেন বলেও জানান। সালিহুর বলেন, আমরা কোনো ছাত্রছাত্রীর সঙ্গে কথা বলি না, আমরা শুধু অভিভাবকদের সঙ্গে কথা বলি।

এছাড়া রাজীব রহমান নামে একজন 'বাংলাদেশ মেডিকেল অ্যাডমিশন টেস্ট হেল্প-২০১৪-১৫' গ্রুপে পোস্ট করেন: 'ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্ন ও উত্তর পেতে এখনই যোগাযোগ করুন। নিচে কमेंট করুন।' সুমন মাহমুদ নামে একজন, 'বিশ্ববিদ্যালয় ও মেডিকেল ভর্তি পরীক্ষার ভর্তি প্রস্তুতি' নামক পেজে লেখেন, '৯ অক্টোবর ঢাবির 'খ' ইউনিটের অ্যাডমিশন টেস্ট। কারও যদি প্রশ্ন মাগে তাহলে ইনবক্সে যোগাযোগ করুন। উত্তরসহ দেয়া হবে।' একইভাবে পোস্ট দেন সুজন খান নামে আরও এক ব্যক্তি। তার ফেসবুক আইডিতে প্রবেশ করলে দেখা যায় সেখানে তার শিক্ষাপ্রতিষ্ঠান ঢাকা সিটি কলেজ লেখা। তার ফেসবুক টাইমলাইনে ১৮ সেপ্টেম্বর ওক্টোবর সকাল ১০টা থেকে মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্ন উত্তরসহ সকাল ৯টা ৩০ মিনিটে প্রশ্নপত্র আপ করা হয়েছে। তিনিও প্রশ্ন হাতে আছে প্রয়োজনে ইনবক্সে যোগাযোগ করতে বলেন।

এ বিষয়ে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক যুগান্তরকে বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র কখনও ফাঁস হয় না। এখানে প্রশ্ন ফাঁসের সুযোগও নেই। একটি চক্র শিক্ষার্থীদের বিভ্রান্ত করে অর্ধ হাতিয়ে নেয়ার চেষ্টা করেছে। ভারাই এ গুঞ্জন রটিয়েছে। আমরা তাদের ব্যাপারে তৎপর।'